`শেখ হাসিনার নির্দেশ, জলবায়ু
সহিষ্ণু বাংলাদেশ‘

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম
চিড়িয়াখানা রোড, মিরপুর-১, ঢাকা-১২১৬।
www.bnh.gov.bd

**বিষয়ঃ বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ আওতায় সেবাপ্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা (কর্মসম্পাদন সূচক ১.২.১) বাস্তবায়নের অংশ হিসাবে ‘সেবাপ্রদান প্রতিশ্রুতি’ বিষয়ে অংশীজনদের সাথে অনলাইন কর্মশালার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | সঞ্জয় কুমার ভৌমিক<br>অতিরিক্ত সচিব ও পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ১৯ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি: |
| সভার সময় | সকাল ১০:৩০ ঘটিকায় |
| স্থান | ‘Zoom App’ ভার্চুয়াল মাধ্যম |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" |

বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসাবে ‘সেবা প্রদান প্রতিশ্রুতি’ বিষয়ে অংশীজনদের সাথে অনলাইন মতমিনিময় কর্মশালা অনুষ্ঠিত হয়। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন এবং সকলকে নিজ নিজ পরিচয় প্রদানের জন্য অনুরোধ জানান। পরিচয় পর্বের শেষে সভাপতির অনুমতিক্রমে উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব নাইমুর রহমান হারবেরিয়ামের ‘সেবা প্রদান প্রতিশ্রুতি’ বিষয়ক কার্যক্রম সভায় বিস্তারিত উপস্থাপন করেন এবং তদসংগে হারবেরিয়ামের সেবা ও অন্যান্য বিষয়ে তথ্য হারবেরিয়ামের নিজস্ব ওয়েবসাইটে দেয়া আছে জানিয়ে তিনি হারবেরিয়াম কর্তৃক প্রণীত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা সুষ্ঠু বাস্তবায়নে সকলের মতামত প্রদানের আহবান জানান।

**২.০ আলোচনাঃ**

২.১ আলোচনার শুরুতে ড. মো. ইকবালুর রহমান অধ্যাপক ও বিভাগীয় প্রধান, উদ্ভিদবিজ্ঞান বিভাগ, নরসিংদী সরকারি কলেজ, নরসিংদী জানান যে, পূর্বের তুলনায় হারবেরিয়ামের কার্যক্রমের ব্যাপকতা বৃদ্ধি পেয়েছে এবং সকল সেবাগ্রহীতা হারবেরিয়াম কর্তৃপক্ষের আন্তরিকতার কথা উল্ল্যেখ করে হারবেরিয়ামের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। এ পর্যায়ে তিনি বৃক্ষরোপনের ক্ষেত্রে দেশীয় উদ্ভিদকে প্রাধান্য দেওয়া এবং দেশীয় উদ্ভিদ সংরক্ষণে জনসচেতনতা বৃদ্ধিতে হারবেরিয়ামের উদ্যোগ গ্রহণ করা আবশ্যক বলে তিনি মতামত ব্যক্ত করেন।

২.২ ড. সুভাষ চন্দ্র দেব, সহকারী অধ্যাপক, উদ্ভিদবিজ্ঞান বিভাগ, বৃন্দাবন সরকারি কলেজ, হবিগঞ্জ সভায় বলেন, হারবেরিয়ামের বর্তমানে সক্ষমতা বৃদ্ধি পেয়েছে। বর্তমানে প্রতিষ্ঠানটি বৃহৎ কর্মসূচী এবং প্রকল্প বাস্তবায়ন করছে। এ সকল কর্মকান্ডে তিনি কলেজ, বিশ্ববিদ্যালয়ের অনার্স/মাস্টার্স পর্যায়ের শিক্ষার্থীদের সম্পৃক্ত করার আহবান জানান। পাশাপাশি তিনি হারবেরিয়ামের কর্মকান্ডকে বিকেন্দ্রীকরণ করে প্রান্তীক পর্যায়ে সভা-সেমিনার আয়োজনের বিষয়টি বিবেচনার করার জন্য অনুরোধ জানান।

২.৩ জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা- এর উদ্ভিদ বিজ্ঞান বিভাগের অধ্যাপক, ড. সেলিনা মমতাজ শিক্ষার্থীদের উদ্ভিদ বিষয়ে কিভাবে সচেতন ও আগ্রহী করা যায় এ বিষয়ে মতামত ও সভায় পরামর্শ চান। এবং খুব শিঘ্রই জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের নিয়ে হারবেরিয়াম পরিদর্শনে আসবেন বলে জানান।

২.৪ জনাব বেনুবর্ণা অধিকারী, এডমিন, বৃক্ষকথা গ্রুপ, সামজিক যোগাযোগ মাধ্যম, ফেসবুক, ঢাকা সভায় অংশগ্রহণের সুযোগ প্রদান করায় হারবেরিয়াম কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং আলোচনার মাধ্যমে তিনি অনেক কিছু জানতে পারছেন বলে মতামত ব্যক্ত করেন।

২.৫ আলোচনার অংশ নিয়ে ভোলা সরকারী কলেজের প্রভাষক ইসহাক উদ্দিন রাসেল বলেন, দূরবর্তী এলাকার শিক্ষার্থীদের স্বশরিরে হারবেরিয়াম পরিদর্শন করে হারবেরিয়ামের কর্মকান্ড সম্পর্কে জানা সম্ভবপর হয়না কিংবা সেবা গ্রহণ করা সবসময় সম্ভব হয় না। সে ক্ষেত্রে যদি কোনো এপ তৈরী করে হারবেরিয়ামের কার্যক্রম ও সেবা গ্রহনের সুযোগ প্রদান করা হয় তবে এর মাধ্যমে সবাই উপকৃত হতে পারবে।


২.৭ আলোচনার এ পর্যায়ে হারবেরিয়ামের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. সরদার নাসির উদ্দিন সভাকে জানান যে, দেশের সকল বিলুপ্ত বা বিলুপ্তপ্রায় উদ্ভিদ প্রজাতিসমূহকে চিহ্নিত করা এবং ভিনদেশী আগ্রাসী উদ্ভিদের নিয়ন্ত্রণের লক্ষ্যে বন অধিদপ্তরের 'টেকসই বন ও জীবিকা (সুফল)' প্রকল্পের আওতায় ২০২০-২৩ মেয়াদে ন্যাশনাল হারবেরিয়াম 'প্লান্ট রেড লিস্ট ইনডেক্স তৈরী এবং আইএএস ব্যবস্থাপনা কৌশল প্রণয়ন' শীর্ষক দুটি গবেষণাধর্মী কার্যক্রম গ্রহণ করেছে। যার মাধ্যমে বিলুপ্ত বা বিলুপ্তপ্রায় উদ্ভিদ ও ভিনদেশী আগ্রাসী উদ্ভিদের আপডেট তথ্যসমূহ জানা সম্ভব হবে। তিনি আরো জানান যে, গত মাসে সিলেটে জেলায় হারবেরিয়ামের একটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে আগামী মাসে বরিশাল জেলায় আর একটি কর্মশালা অনুষ্ঠিত হবে। তিনি অবগতির জন্য বলেন, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের মোবাইল এপস্ চালু রয়েছে এর মাধ্যমে হারবেরিয়াম থেকে দেশীয় উদ্ভিদ সনাক্তকরণ এবং এক্সেশন নম্বর প্রদান সংক্রান্ত সেবা গ্রহণ করা যাবে। এছাড়া দূরবর্তী এলাকার শিক্ষার্থীদের হারবেরিয়ামের কর্মকান্ড অবহিতকরণের জন্য ছোট ছোট ডকুমেন্টারি তৈরি করে ওয়েবসাইটে এর লিঙ্ক দেয়া যেতে পারে।

২.৮ আলোচনার এ পর্যায়ে সভাপতি মহোদয়, সভায় অংশগ্রহণকারী সম্মানিত সকল অংশীজনদের আন্তরিক ধন্যবাদ জানান। জলবায়ু পরিবর্তন রোধে করণীয় সম্পর্কে সবাইকে সচেতন হওয়ার জন্য আহবান জানান। ছাত্র-ছাত্রীদের এ বিষয়ে সচেতন করে তোলার জন্য শিক্ষকমন্ডলীদের তিনি অনুরোধ জানান। বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজ সমূহে উদ্ভিদবিজ্ঞানের শিক্ষার্থীদের নিয়ে হারবেরিয়াম পরিদর্শনের জন্য আমন্ত্রণ জানিয়ে বলেন, হারবেরিয়াম আপনাদের প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠান থেকে সেবা গ্রহন করে আপনারা উপকৃত হলে তবেই কেবল প্রতিষ্ঠানটির উদ্দেশ্য সফল হবে। হারবেরিয়ামের অন্যান্য সেবাসমূহ প্রাপ্তির যোগাযোগের জন্য ওয়েব সাইটে আবেদন ফরম ও নির্দেশাবলী রয়েছে বলে জানান।

৩.০ সভার বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তগুলো গৃহীত হয়:

| ক্রমিক নং | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ৩.১ | আগামী এপিএ সভায় বৃক্ষরোপনের ক্ষেত্রে দেশীয় উদ্ভিদকে প্রাধান্য দেওয়া এবং দেশীয় উদ্ভিদ সংরক্ষণে জনসচেতনতা বৃদ্ধিতে সেমিনার ঢাকার বাইরে বিভিন্ন জেলায় আয়োজনের সম্ভাব্যতা যাচাই করে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ড. সরদার নাসির উদ্দিন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা এর নেতৃত্বে এপিএ বাস্তবায়ন সদস্যবৃন্দ |
| ৩.২ | আপাতত দূরবর্তী এলাকার শিক্ষার্থীদের হারবেরিয়ামের কর্মকান্ড অবহিতকরণের জন্য পূর্বে প্রস্তুতকৃত হারবেরিয়ামের কর্মকান্ড নিয়ে ডকুমেন্টারিটি হারবেরিয়ামের ওয়েবসাইটে প্রদর্শনের ব্যবস্থাগ্রহণ করা হবে। | জনাব রাশিদুল হাকিম, প্রোগ্রামার |

৪.০ পরিশেষে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




২১-০৯-২০২৩

সঞ্জয় কুমার ভৌমিক

অতিরিক্ত সচিব ও পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

০২-৯০০০৬৭৬ (ফোন)

০২-৯০৩৮৪৭৭ (ফ্যাক্স)

bnh_mirpur@yahoo.com


তারিখ: ৬ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২১ Sep ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২২.০৫.০০০০.০১০.০৬.০০১.২১.৯৪৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অধ্যাপক ও বিভাগীয় প্রধান, উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, নরসিংদী সরকারি কলেজ, নরসিংদী;

২। অধ্যাপক, উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;

৩। সহযোগী অধ্যাপক, উদ্ভিদবিজ্ঞান বিভাগ, সরকারি তিতুমীর কলেজ, ঢাকা;

৪। সহকারী অধ্যাপক, উদ্ভিদবিজ্ঞান বিভাগ, নারায়ণ গঞ্জ সরকারি মহিলা কলেজ, নারায়ণ গঞ্জ;

৫। সহকারী অধ্যাপক, উদ্ভিদবিজ্ঞান বিভাগ, বৃন্দাবন সরকারি কলেজ, হবিগঞ্জ;

৬। প্রভাষক, উদ্ভিদবিজ্ঞান বিভাগ, ভোলা সরকারি কলেজ, ভোলা;

৭। ফরেস্ট রেঞ্জার, জাতিয় উদ্ভিদ উদ্যান, মিরপুর, ঢাকা।;

৮। বৈজ্ঞানিক কর্মকর্তা, বিসিএসআইআর , চট্টগ্রাম ল্যাব. ষোলশহর, চট্টগ্রাম;

৯। গবেষণা কর্মকর্তা, প্লান্টেশন ট্রায়াল ইউনিট ডিভিশন বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, রুপাতলি, বরিশাল;

১০। উর্ধ্বতন নির্বাহী (ট্যাক্সোনমিষ্ট ), ডীপলেড ল্যাবরেটরিজ লিমিটেড;

১১। এডমিন, বৃক্ষকথা গ্রুপ, সামাজিক যোগাযোগ মাধ্যম, ফেসবুক, ঢাকা;

১২। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, গবেষণা ও পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম;

১৩। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (রুটিন দায়িত্ব), ডাইকট শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম;
১৪। প্রোগ্রামার, ডকুমেন্টেশন শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম;
১৫। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (রুটিন দায়িত্ব), গবেষণা শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম;
১৬। উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন ও অর্থ বিভাগ, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম;
১৭। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (রুটিন দায়িত্ব), মনোকট শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম;
১৮। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (রুটিন দায়িত্ব), এথনোবোটানী ও ইকোনমিক শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম;
১৯। বৈজ্ঞানিক কর্মকর্তা (রুটিন দায়িত্ব), ক্রিপটোগ্যামিক শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম;
২০। সহকারী পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম;
২১। বৈজ্ঞানিক কর্মকর্তা (রুটিন দায়িত্ব), মনোকট শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম;
২২। বৈজ্ঞানিক কর্মকর্তা (রুটিন দায়িত্ব), ডাইকট শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম এবং
২৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (রুটিন দায়িত্ব), গবেষণা শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম।

২৬-০৯-২০২৩
ড. মাহবুবা সুলতানা
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (রুটিন দায়িত্ব)

**সকল সংযুক্তিসমূহ:**

(১) সেবাপ্রদান প্রতিশ্রুতি পরিশিষ্ঠ ক